



তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী
লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)

২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারে অনুষ্ঠিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী।

সভাপতি	প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি।
সভার তারিখ	৩১ মে, ২০২৩ (বুধবার)
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকায়
স্থান	অনলাইন প্ল্যাটফর্ম জুম
উপস্থিতি	টিজিটিডিসিএল-এর নৈতিকতা কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দসহ সকল মহাব্যবস্থাপকবৃন্দ, পেট্রোবাংলার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানি সমূহের মনোনীত প্রতিনিধিবৃন্দ এবং সংশ্লিষ্ট গ্রাহক প্রতিনিধিবৃন্দ

১। ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি, সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি-এর অনুমতিক্রমে উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, টিজিটিডিসিএল কর্তৃক কোম্পানির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ -এর অনুষ্টেদ ১.৩ এ উল্লেখিত ৪র্থ কোয়ার্টারের জন্য নির্ধারিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের সভায় কোম্পানি হতে এতদসংক্রান্ত গৃহীত পদক্ষেপ ও পরিকল্পনা উপস্থাপন করা হয়, যা নিম্নরূপ:

২। আলোচনা ও পর্যবেক্ষণ:

২.১। ২০২২-২৩ অর্থবছরে কোম্পানীর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ৪র্থ কোয়ার্টার (এপ্রিল ২০২৩-জুন ২০২৩) এর লক্ষ্যমাত্রা বাস্তবায়নার্থে পর্যালোচনা:

সভায় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি-এর নির্দেশক্রমে উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি সভার নির্ধারিত আলোচ্যসূচী “২০২২-২৩ অর্থবছরে কোম্পানীর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল ২০২৩-জুন ২০২৩) এর লক্ষ্যমাত্রা বাস্তবায়নার্থে পর্যালোচনা’ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

তিনি বলেন ৪র্থ কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ০৩ মে ২০২৩ তারিখে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে, সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে কোম্পানীর জোবিঅ-ময়মনসিংহ, আবিবি-বিআর ও আবিডি-বিআর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেছে, সাশ্রয়ী গ্যাস ব্যবহারে ইতিমধ্যে চলমান অর্থবছরে ৩০০টির অধিক EVC মিটার স্থাপন করা হয়েছে, ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার চর্চার জন্য কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কোম্পানীর বিভিন্ন ডিভিশন হতে মনোনয়ন নেয়া হচ্ছে। তিনি

এ পর্যায়ে এ সংক্রান্ত বিষয়ে সভায় অংশগ্রহণকারী সকলের নিকট প্রয়োজনীয় মতামত/পরামর্শ আহ্বান করেন।

২.২। কোম্পানীর সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত আলোচনা:

সভায় উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি-গত ৩১/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় নির্ধারিত আলোচ্যসূচী “কোম্পানীর সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন” বিষয়ে কোম্পানি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ অংশীজনের উপস্থিতিতে সংশ্লিষ্ট কমিটির ফোকাল পয়েন্টগণকে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন, যা নিম্নরূপ:

ক) এক্ষেত্রে সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট প্রকৌশলী মো: সাহাদৎ হোসেন, উপমহাব্যবস্থাপক, পাইপ লাইন ডিজাইন বিভাগ, টিজিটিডিসিএল বলেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও মন্ত্রি-পরিষদ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী কোম্পানির সম্মানিত গ্রাহকবৃন্দ বা সেবা প্রত্যাশীরা কিভাবে সেবা পাবেন, কোথায় সেবা পাবেন, কতদিনের মধ্যে সেবা পাবেন, কার সাথে যোগাযোগ করবেন, সেবা না পেলে উর্দ্ধতন কোন কর্মকর্তার কাছে যাবেন তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। কোম্পানির ওয়েবসাইটে সিটিজেন চার্টার আপলোড করা হয়েছে। ত্রৈমাসিক ভিত্তিতে তা হালনাগাদ করা হয়ে থাকে। গ্রাহকবৃন্দ বা সেবা প্রত্যাশীরা কোন দপ্তরে যাবেন, কি কাগজ পত্রাদি লাগবে, সেসব বিষয় উল্লেখ করা হয়েছে। সেবা দেয়ার ক্ষেত্রে সমস্যা আছে কিনা, থাকলে সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হয়েছে। অফিসের প্রধান কার্যালয় ও জোন অফিসে **Citizen Charter Service Desk** রাখা হয়েছে, যাতে গ্রাহকরা তথ্য পেতে পারে। গ্রাহকদের সেবার মান উন্নয়নে **Website** এ সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, মোবাইল নাম্বার দেয়া হয়েছে। **Website** অথবা সরাসরি মাধ্যম থেকে সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, মোবাইল নিয়ে যোগাযোগ করে সেবা নিশ্চিত করা হচ্ছে। **সিটিজেন চার্টার বিষয়ক** গ্রাহকদের কোন মতামত থাকলে সেসব বিষয় সংযোজন করে পেট্রোবাংলায় প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। গ্রাহক সেবা প্রাপ্তি বাধা পেলে আপীল করা যাবে। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি আরও উন্নত হবে মর্মে তিনি আশা ব্যক্ত করেছেন।

খ) সভার এ পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এর ফোকাল পয়েন্ট জনাব মো সুজন কবীর, ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, প্রশাসন বিভাগ, টিজিটিডিসিএল বলেন যে, সম্মানিত গ্রাহকেরা জিআরএস এ্যাপ এ ঢুকে অভিযোগ দাখিল করতে পারবেন। তিনি বলেছেন **Complain portal** এ অভিযোগ আসছে এবং সেগুলো নিষ্পন্ন করা হচ্ছে। গ্যাস লিকেজ, সংযোগ বিচ্ছিন্ন সংক্রান্ত অভিযোগ পেভিং থাকলে সেগুলো একসময় নিষ্পন্ন হয়ে যায়। পূর্বে ৫০% অভিযোগ নিষ্পন্ন হলেও বর্তমানে ৯০% অভিযোগ নিষ্পন্ন হচ্ছে।

এছাড়া গ্যাসের জাতীয় সমস্যা হলে, জরুরি শাট-ডাউন হলে গ্রাহকদের আগেই বিভিন্ন মাধ্যমে জানানো হয়ে থাকে। **software** এ পরিবর্তন আনা হয়েছে। অপারেশন ডিভিশন ও পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন ব্যবস্থাপকদের সংযুক্ত করে **Complain portal** রাখা হয়েছে। কোম্পানি পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা হিসেবে কর্মরত আছেন জনাব এস এম মাহবুব আলম, উপমহাব্যবস্থাপক, কোম্পানী এ্যাফেয়ার্স বিভাগ, টিজিটিডিসিএল। সকল শাখা ও জোন অফিসগুলোতে ফেট্টুন দেয়া হয়েছে। **Website complain portal** এ ঢুকে গ্রাহকেরা অভিযোগ জানাতে পারবেন। গ্রাহকদের লিকেজ ও পি-পেইড অথবা যেকোন অভিযোগ নিয়ে সংশ্লিষ্ট ব্যবস্থাপক এর কাছে চলে যেতে পারবেন এবং তথ্য হালনাগাদ করতে পারেন। ভোগান্তিবিহীন গ্রাহকসেবা অব্যাহত থাকবে বলে তিনি আশা ব্যক্ত করেছেন।

গ) তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রধান কার্যালয় ও ঢাকা মেট্রো জনাব এস এম মাহবুব আলম, উপমহাব্যবস্থাপক, কোম্পানী এ্যাফেয়ার্স বিভাগ,

টিজিটিডিসিএল কর্তৃক সভায় সংক্ষিপ্ত আলোচনা উপস্থাপন করেন। তিনি তথ্য কি, তথ্য অধিকার কি সেবিষয়ে আলোচনা করেন। তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে গৃহীত বিভিন্ন পদক্ষেপের বিষয়ের মধ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পোস্টার মুদ্রণ ও বিলি করা হয়েছে। জবাবদিহি নিশ্চিতকরণ, সেবার মান-উন্নয়ন এবং সুশাসন সংহতকরণের মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। কোম্পানির অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবর ডাকযোগে অথবা ফ্রন্টডেস্কে অথবা অনলাইনে এবং মোবাইলের মাধ্যমে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ওয়েবসাইট (www.grs.gov.bd)-এর মাধ্যমে কোম্পানির অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) বরাবর অভিযোগ দাখিল করা যাবে। তথ্য না পেলে আপীল করা যাবে। এরপরও তথ্যে সন্তুষ্ট না হলে তথ্য কমিশনে আবেদন করতে পারবেন। এছাড়া অন্যান্য পদ্ধতিতে (যেমন: ই-ফাইলের মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে অথবা কল সেন্টার মাধ্যমে) অভিযোগ করা যাবে। তিতাস গ্যাসের কল সেন্টার নম্বর ১৬৪৯৬। কোম্পানির সকল আঞ্চলিক কার্যালয়ের ফ্রন্ট ডেস্ক বা দপ্তর প্রধান বা দপ্তরের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিত অভিযোগ দাখিল করার সুযোগ রয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী কোম্পানির প্রধান কার্যালয় ও ঢাকা জোনসমূহ এবং আঞ্চলিক কার্যালয়ের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। উক্ত কর্মকর্তাবৃন্দের নাম, পদবী, ঠিকানা ও ফোন নম্বর সংক্রান্ত তথ্যাদি কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে কারও কোন পরামর্শ থাকলে তিনি জানানোর জন্য অনুরোধ করেছেন।

সভার এ পর্যায়ে গ্রাহকবৃন্দ ও বিভিন্ন কোম্পানীর প্রতিনিধিবৃন্দের মতামত/ পরামর্শ গ্রহণ করা হয়-

গ্রাহক জনাব মো: রোকনুজ্জামান (থাইল্যান্ডের বুমরুনগ্রাদ আন্তর্জাতিক হাসপাতালের ঢাকা অফিসে কর্মরত) কল্যাণপুরে তার নিজস্ব ফ্ল্যাটে গ্যাসের লাইনের নাম **Transfer** করাতে চাইলে সেটি খুব কম সময়ের মধ্যে **Transfer** সম্ভব হওয়াতে তিনি সন্তুষ্ট হয়েছেন এবং সবাইকে ধন্যবাদ দিয়েছেন। গ্রাহক নিজ বাসা বাড়িতে প্রি- পেইড গ্যাস মিটার স্থাপনের বিষয়ে জানতে চেয়েছিলেন। জবাবে কোম্পানীর মেট্রো ঢাকা বিপণন ডিভিশনের মহাব্যবস্থাপক জনাব মো: ইমাম উদ্দিন শেখ বলেন, কোম্পানীতে অচিরেই এক লক্ষ প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন করা হবে। তিনি গ্রাহক জনাব মো: রোকনুজ্জামানকে আবেদন করতে বলেছেন।

সানজানা **Textile Mills** এর গ্রাহক জানান, গ্যাস পুনঃসংযোগ করতে তার তিন মাস সময় লেগেছে, পুরো **process** প্রক্রিয়া কম সময়ে করা যায় কিনা / সহজে করা যায় কিনা সে বিষয়ে জানতে চেয়েছিলেন। তিনি **Line transfer** বিষয়েও জানতে চেয়েছিলেন। জবাবে উপব্যবস্থাপনা পরিচালক, আবিডি-নারায়ণগঞ্জ জানান যে, গ্রাহকদের অভিযোগের জন্য **Help Desk** আছে। ২০১৬ এর সার্কুলারের মাধ্যমে **commercial transfer** বন্ধ আছে। যেহেতু অনেক গ্রাহক **commercial transfer** চান, সেহেতু তিনি পেট্রোবাংলার সংশ্লিষ্টদের দিকে দৃষ্টি আর্কষণ করেছেন।

Amber cotton mills এর জনাব সুলতান আহমেদ দুত সেবা পাওয়ার জন্য সবাইকে ধন্যবাদ জানিয়েছেন।

সাফায়েত **group** এর প্রতিনিধি ও ফ্যাক্টরি মালিক জনাব জয়নুল ইসলাম তাদের প্রতিষ্ঠানে গ্যাসের স্বল্পচাপ সমস্যার বিষয়ে সভায় অবহিত করেন। তিনি এ সমস্যাটির দুত সমাধানের জন্য অনুরোধ করেন। জবাবে উপব্যবস্থাপনা পরিচালক, আবিডি-নারায়ণগঞ্জ জানান যে, গ্যাস বিতরণ বাড়ছে। ধীরেধীরে স্বল্পচাপ সমস্যার সমাধান হবে। বকেয়া বিল রাখা যাবে না বলে তিনি গ্রাহকদের সতর্ক করেন। তিনি আরও উল্লেখ করেন যে, **LNG** আমদানি করে পেট্রোবাংলা। পেট্রোবাংলা টিজিটিডিসিএল-কে যতটুকু বরাদ্দ দেয়, সেটুকু গ্যাস সুশ্রম বন্টন করার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়।

Shefard গ্রুপ এর জি .এম জনাব ইউসুফ রহমান গ্যাসের দাম বৃদ্ধি হয়েছে, কিন্তু পাইপ লাইনে গ্যাস প্রেসার কম বলে উল্লেখ করেন। কখন গ্যাসচাপ কম থাকবে, সে বিষয়ে আগাম জানানো যায় কিনা, সে বিষয়ে জানতে চেয়েছেন।

এর জবাবে সভায় উপব্যবস্থাপনা পরিচালক, গাজীপুর জানিয়েছেন যে, পূর্ব থেকে জানা থাকলে আমরা জানাতে পারি।

যেমন: গতকাল মাননীয় প্রধানমন্ত্রী গাজীপুরের যেসব এলাকায় সফর করেন সেসব এলাকায় গ্যাসচাপ নিরবিচ্ছিন্ন রাখতে হয়েছে। সেক্ষেত্রে বিভিন্ন এলাকায় গ্যাসের স্বল্পচাপ থাকে বলে তিনি উল্লেখ করেছেন। গ্রাহকদের বকেয়া বিল রাখা যাবে না বলে তিনি উল্লেখ করেছেন। LNG আনার কারণে বিভিন্ন এলাকায় গ্যাসচাপ বৃদ্ধি পেয়েছে। বকেয়া বিল পরিশোধ করা থাকলে LNG সরবরাহ নিশ্চিত করা সম্ভব হবে বলে তিনি মনে করেন।

BGFCL এর DGM মহোদয় সকল কোম্পানির পারস্পারিক সহযোগিতার বিষয়ে প্রশংসা করেছেন। সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও সকলের সম্পৃক্ত করার বিষয়ে প্রশংসা করেছেন।

মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, NIS কমিটি, পেট্রোবাংলা জনাব বিশ্বজিৎ সাহা গ্রাহকদের উদ্দেশ্যে সঠিক সময়ে বকেয়া বিল পরিশোধ করতে বলেছেন। বকেয়া বিল পরিশোধ করা থাকলে LNG সরবরাহ নিশ্চিত করা সম্ভব হবে বলে তিনিও মনে করেন।

৩। কোম্পানি কর্তৃক আয়োজিত ৪র্থ কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

সিদ্ধান্ত:

৩.১) কোম্পানীর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সকল ডিভিশন/বিভাগ/দপ্তরকে একনিষ্ঠভাবে কাজ করতে হবে;

কার্যব্যবস্থায়: ক) সকল মহাব্যবস্থাপক/উপব্যবস্থাপনা পরিচালক;

৩.২) মেট্রো ঢাকা ও আঞ্চলিক অফিসগুলোতে গ্রাহকসেবা নিরবিচ্ছিন্ন ও ত্বরান্বিত করতে গ্রাহক সেবা সেল স্থাপন করতে হবে।

কার্যব্যবস্থায়: ক) মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর/বিপণন-দক্ষিণ/রাজস্ব) ও উপব্যবস্থাপনা পরিচালক (আবিডি-ময়মনসিংহ, গাজীপুর ও নারায়ণগঞ্জ)।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির আহ্বায়ক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



প্রকৌঃ মোঃ হাব্বুনুর রশীদ মোল্লাহ্
ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা
কমিটি।

স্মারক নম্বর: ২৮.১৩.০০০০.০৫৪.৩২.০০১.২২.১২০

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০

১২ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (অর্থ), অর্থ ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ২) মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৩) মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৪) মহাব্যবস্থাপক, জেনারেল সার্ভিসেস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৫) পরিচালক, অপারেশনস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৬) মহাব্যবস্থাপক, ভিজিঅ্যান্স ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৭) উপব্যবস্থাপনা পরিচালক, আঞ্চলিক বিপণন ডিভিশন- গাজীপুর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৮) উপব্যবস্থাপনা পরিচালক, আঞ্চলিক বিপণন ডিভিশন- নারায়ণগঞ্জ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৯) মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা বিপণন ডিভিশন (উত্তর), তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১০) মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা বিপণন ডিভিশন (দক্ষিণ), তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১১) উপব্যবস্থাপনা পরিচালক, আঞ্চলিক বিপণন ডিভিশন- ময়মনসিংহ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১২) মহাব্যবস্থাপক, আইসিটি ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১৩) মহাব্যবস্থাপক, অডিট ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১৪) মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা রাজস্ব ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১৫) মহাব্যবস্থাপক/সচিব, কর্পোরেট ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১৬) মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১৭) প্রকল্প পরিচালক, Installation of Prepaid Gas Meter for TGTDCCL(Financed by JICA), তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১৮) উপমহাব্যবস্থাপক, মানব সম্পদ উন্নয়ন ডিপার্টমেন্ট ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১৯) উপমহাব্যবস্থাপক, পাইপ লাইন ডিজাইন ডিপার্টমেন্ট, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার)
- ২০) উপমহাব্যবস্থাপক, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার)
- ২১) ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ২২) ব্যবস্থাপক, নেটওয়ার্ক এ্যানালাইসিস শাখা ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন কমিটি তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ২৩) ব্যবস্থাপক, পোস্ট অডিট শাখা- আঞ্চলিক ও ফোকাল পয়েন্ট (এপিএ কমিটি) তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ২৪) ব্যবস্থাপক (সম্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্
ব্যবস্থাপনা পরিচালক